



ছাত্রকল্যাণ পরিচালকের অধিদপ্তর
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯।



ফোন : ০৩১-২৫১৬৩০২, পিবিএক্স : ০৩১-৭১৪৯২০-২২এক্স (৮৫০০), Email: dsw@cuet.ac.bd; dswcueta@gmail.com

স্মারক নং- চুয়েট/ছাত্রকল্যাণ/কোভিড-০৪

তারিখ : ১৯/০৯/২০২১ খ্রি:

: জরুরী বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সর্বশেষ নির্দেশনা মোতাবেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা নিবন্ধনের সুবিধার্থে যে সকল শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নেই কিন্তু জন্মনিবন্ধন সনদ আছে তাদেরকে ইউজিসি কর্তৃক চালুকৃত ওয়েবলিংক <https://univac.ugc.gov.bd> —এ গিয়ে টিকার জন্য প্রাথমিক-নিবন্ধন করতে বলা হয়েছে।

এমতাবস্থায়, অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর দ্রুততম সময়ে টিকা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে যাদের জাতীয় পরিচয়পত্র (NID) নেই কিন্তু জন্মনিবন্ধন সনদ আছে তাদেরকে যথাদ্রুত সম্ভব উপরে উল্লেখিত লিংকে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে প্রদান করত: প্রাথমিক-নিবন্ধন সম্পন্ন করতে নির্দেশনা দেয়া হলো।

উল্লেখ্য যে, ছাত্রকল্যাণ পরিচালকের অধিদপ্তর হতে ১৫/০৯/২০২১ খ্রি. তারিখে প্রচারিত বিজ্ঞপ্তি মোতাবেক যেসকল শিক্ষার্থী (NID নেই কিন্তু জন্মনিবন্ধন সনদ এমন) ইতিপূর্বে তথ্য প্রদান করেছে এবং যারা তথ্য প্রদান করতে হবে পারেনি এমন সকলকে প্রাথমিক-নিবন্ধন সম্পন্ন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

১৯/০৯/২০২১

(অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম)

পরিচালক, ছাত্রকল্যাণ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রেরিত হল :

- ১। সকল ডীন, চুয়েট।
- ২। সকল Institute এর পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার প্রধান, চুয়েট। সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীর মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইআইসিটি চুয়েট। ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ।
- ৪। পিএসটু ভিসি, চুয়েট। ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৫। পিওটু রেজিস্ট্রার, চুয়েট। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৬। সকল নোটিশ বোর্ড, চুয়েট।
- ৭। সংরক্ষণ নথি।

(অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম)

পরিচালক, ছাত্রকল্যাণ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।